যুগান্তর

26 NOV 2006






যুগান্তর

এমবিবিএস প্রথম বর্ষের ভর্তি পরীক্ষা বাতিলের দাবিতে শনিবার (বাঁ থেকে) বরিশাল ও খুলনায় ছাত্রছাত্রীরা মানববন্ধন কর্মসূচি পালন করে

# মেডিকেলে ভর্তি পরীক্ষার ফল বাতিলের দাবিতে বিভিন্ন স্থানে নানা কর্মসূচি

যুগান্তর ডেস্ক

মেডিকেলে ভর্তি পরীক্ষার প্রশ্নপত্র ফাঁসের প্রতিবাদে এবং পরীক্ষার ফল বাতিলের দাবিতে দেশের বিভিন্ন স্থানে বিক্ষুব্ধ শিক্ষার্থীরা সংবাদ সম্মেলন, মিছিল, সমাবেশ এবং মানববন্ধন কর্মসূচি পালন করেন। যুগান্তর প্রতিনিধিদের পাঠানো খবর—

**চট্টগ্রাম ব্যুরো :** এমবিবিএস ভর্তি পরীক্ষার ফল বাতিল করে আবার পরীক্ষা গ্রহণের দাবিতে চট্টগ্রাম মেডিকেল কলেজের ছাত্রছাত্রীরা শনিবার নগরীতে মিছিল ও মানববন্ধন কর্মসূচি পালন করেন। একই দাবিতে ভর্তিচ্ছু শিক্ষার্থীরা বিকালে চট্টগ্রাম প্রেস ক্লাবে আয়োজিত এক সংবাদ সম্মেলনে ১৬ নভেম্বর প্রশ্নপত্র ফাঁসের সঙ্গে জড়িতদের চিহ্নিত করে দৃষ্টান্তমূলক শাস্তি প্রদান এবং প্রকাশিত ফল বাতিলের দাবি জানান। অন্যথায় মামলা দায়ের করাসহ আমরণ অনশনে যাওয়ার ঘোষণা দেন। সংবাদ সম্মেলনে শিক্ষার্থীদের মধ্যে বক্তব্য রাখেন মিশকাত তাহমিদ আজিজ, তাহরিন তারান্নুম, নাসরিন আহসান চৌধুরী, মোস্তাফিজুর রহমান, তন্ময় বড়ুয়া প্রমুখ। এরপর শিক্ষার্থীরা অভিভাবকদের সঙ্গে নিয়ে প্রেস ক্লাব চত্বর থেকে মিছিল বের করেন।

**বরিশাল ব্যুরো :** প্রশ্নপত্র ফাঁসের অভিযোগে বরিশাল শেরেবাংলা মেডিকেল কলেজের বিভিন্ন বর্ষের শিক্ষার্থীরা মানববন্ধন কর্মসূচি পালন করেন। এর আগে একই দাবিতে তারা স্বাস্থ্য উপদেষ্টার কাছে স্মারকলিপি দেন। শনিবার সকালে মেডিকেল ক্যাম্পাস থেকে মিছিল নিয়ে বিক্ষুব্ধ শিক্ষার্থীরা সদর রোডের অশ্বিনী কুমার হল চত্বরে আসেন। পরে তারা সেখানে মানববন্ধন করেন। মানববন্ধন চলাকালে প্রথম বর্ষের ছাত্র সৈকত আহমেদের সভাপতিত্বে সমাবেশে বক্তৃতা করেন চতুর্থ বর্ষের ছাত্র সুরেশ নন্দী পিন্টু, তৃতীয় বর্ষের ছাত্র চিরঞ্জীব সিনহা পলাশ, দ্বিতীয় বর্ষের ছাত্র গাজী মাহমুদুল হাসান রুশ, প্রথম বর্ষের ছাত্র রকিবুল হোসাইন প্রমুখ। বক্তারা বলেন, পরীক্ষা অনুষ্ঠিত হওয়ার আগেই অর্থের বিনিময়ে প্রশ্নপত্র ফাঁস হয়েছে। এতে দুর্বল মেধাসম্পন্ন শিক্ষার্থীরা অবিশ্বাস্য বেশি নম্বর পেয়ে বিভিন্ন সরকারি মেডিকেল কলেজে ভর্তি হওয়ার সুযোগ পেতে যাচ্ছে। বাদ পড়ছে সত্যিকার মেধাসম্পন্ন শিক্ষার্থীরা। ফলে স্বাস্থ্যখাত ধ্বংসের দিকে ধাবিত হচ্ছে।

**খুলনা ব্যুরো :** প্রশ্নপত্র ফাঁসের অভিযোগ এনে এমবিবিএস ভর্তি পরীক্ষা বাতিল ও নতুনভাবে পরীক্ষা গ্রহণের দাবি জানিয়েছে খুলনায় ভর্তিচ্ছু সাধারণ ছাত্রছাত্রী ও খুলনা মেডিকেল কলেজে অধ্যয়নরত শিক্ষার্থীরা। শনিবার খুলনা প্রেস ক্লাবে বিক্ষুব্ধ ছাত্রছাত্রীরা সমাবেশ করে কর্মসূচি ঘোষণা করেছেন। কর্মসূচির মধ্যে রয়েছে আজ খুলনা মেডিকেল কলেজে অধ্যক্ষের কার্যালয়ের সামনে অবস্থান ধর্মঘট, মানববন্ধন, স্মারকলিপি প্রদান ও প্রতিবাদ সমাবেশ। প্রেস ক্লাব চত্বরে রবিউল ইসলামের সভাপতিত্বে সমাবেশে ছাত্রছাত্রীদের মধ্যে বক্তৃতা করেন মিঠুন পাল, নুসরাত নাজ, মীম, খুশি, ফরিদ নেওয়াজ, ইসতিয়াক মাহমুদ প্রমুখ।

**রাজশাহী ব্যুরো :** রাজশাহী মেডিকেল কলেজের শত শত শিক্ষার্থী শনিবার ক্যাম্পাসে বিক্ষোভ সমাবেশ করেছে। বিক্ষোভ শেষে শিক্ষার্থীরা ক্যাম্পাসের সামনের রাস্তায় বেলা দেড়টা থেকে ২টা পর্যন্ত মানববন্ধন কর্মসূচি পালন করে। পরে তারা অনুষ্ঠিত পরীক্ষা ও ঘোষিত ফলাফল বাতিলের দাবিতে কলেজ অধ্যক্ষের মাধ্যমে তত্ত্বাবধায়ক সরকারের প্রধান উপদেষ্টা ও রাষ্ট্রপতি অধ্যাপক ইয়াজউদ্দিন আহম্মেদ এবং স্বাস্থ্য উপদেষ্টা অধ্যাপক (এমিরেটাস) ডা. সুফিয়া রহমানকে পৃথক স্মারকলিপি দেন। রাজশাহী মেডিকেল কলেজের শত শত শিক্ষার্থী দুপুর ১২টার দিকে একযোগে ক্লাস থেকে বেরিয়ে এসে বিক্ষোভ মিছিল বের করেন। মিছিলটি ক্যাম্পাস প্রদক্ষিণ শেষে শহীদ মিনার প্রাঙ্গণে এক সমাবেশে মিলিত হয়। বেলা দেড়টার দিকে বিক্ষুব্ধ শিক্ষার্থীরা রাজশাহী মেডিকেল কলেজের সামনের রাস্তায় মানববন্ধন শুরু করে। মানববন্ধন কর্মসূচি বেলা ২টা পর্যন্ত পালিত হয়।

**রংপুর অফিস :** মেডিকেল কলেজের ভর্তি পরীক্ষার ফল বাতিল, আবার পরীক্ষা গ্রহণ ও প্রশ্নপত্র ফাঁসের সঙ্গে জড়িতদের শাস্তির দাবিতে শনিবার রংপুর মেডিকেল কলেজ ক্যাম্পাসে সাধারণ ছাত্রছাত্রীরা মানববন্ধন কর্মসূচি পালন করেছে। এরপর তারা বিকালে রংপুর প্রেস ক্লাবে এক সংবাদ সম্মেলন করে। ছাত্রছাত্রীদের পক্ষ থেকে একেএম মনিরুজ্জামান সানি ও শাওন শাহরিয়ার স্বাক্ষরিত সংবাদ সম্মেলনে বলা হয়, দেশে উচ্চ শিক্ষা ও বিসিএস পরীক্ষার ধারাবাহিক প্রশ্নপত্র ফাঁসের অংশ হিসেবে এবারও এমবিবিএস ভর্তি পরীক্ষার প্রশ্নপত্র ফাঁস করা হয়।

**গৌরীপুর (ময়মনসিংহ) :** গৌরীপুর স্থানীয় শহীদ মিনারে ছাত্রছাত্রীরা দিনভর অনশন কর্মসূচি পালন করেন। এ কর্মসূচিতে অভিভাবক, সাংবাদিকসহ সুশীল সমাজের নেতৃবৃন্দ এতে একাত্মতা ঘোষণা করেন। অনশন শেষে পরীক্ষা বাতিলের দাবিতে বক্তৃতা করেন ভর্তিচ্ছু ছাত্র দীপঙ্কর ঘোষ, জিনাত জাহান বর্ণালী, লুৎফর নাহার সাহ্না, অভিভাবক মোঃ আঃ সালাম, আবুল মনসুর আহাম্মেদ, দিলরুশ আরা, ছায়া রানী সরকার, সাংবাদিক বেগ ফারুক আহাম্মেদ, প্রেস ক্লাবের যুগ্ম সাধারণ সম্পাদক মোঃ রইছ উদ্দিন, প্রতিভা